

৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিষ্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০১
ওয়েবসাইট: www.explosives.gov.bd

২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণের দ্বিতীয় সভার কার্যবিবরণী।

সভাপতি : এইচ.এম.খালিদ ইফতেখার
প্রধান বিষ্ফোরক পরিদর্শক (অ.দা.)
তারিখ : ৩১ ডিসেম্বর, ২০২০
সময় : বিকাল ২.৩০ ঘটিকা
স্থান : অনলাইন, জুম মিটিং
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বিষ্ফোরক পরিদপ্তরের বিষ্ফোরক পরিদর্শক, জনাব মনিরা ইয়াসমিন আলোচ্যসূচি উপস্থাপন করেন। শুদ্ধাচার ও উত্তম চর্চার গুরুত্ব সভাপতি তাঁর আলোচনার মাধ্যমে সভায় তুলে ধরেন। শুদ্ধাচার ও উত্তম চর্চার গুরুত্বারোপ করে তিনি বলেন, ব্যক্তি ও সমাজ জীবনে শুদ্ধাচার ও উত্তম চর্চা অপরিসীম ভূমিকা পালন করে। সেবা গ্রহীতা এবং সেবা দাতা উভয়ের ক্ষেত্রে শুদ্ধাচার ও উত্তম চর্চার ভূমিকা রয়েছে।

অত্র দপ্তরের সেবা গ্রহণের ক্ষেত্রে সভায় উপস্থিত অংশীজনদের কোনো অভিযোগ রয়েছে কিনা তিনি জানতে চান। সেবা গ্রহীতারা জানান, সেবা গ্রহণ নিয়ে তাদের বিশেষ কোনো অভিযোগ নেই। কোভিড-১৯ পরিস্থিতিতে অত্র দপ্তরের সেবা নিয়ে সভায় উপস্থিত সবাই সন্তোষ প্রকাশ করেন। ইউনিগ্যাস এর প্রতিনিধি জনাব মোঃ আব্দুর রহমান বলেন, যেকোনো আবেদন জমা দেওয়ার পর সিদ্ধান্ত যাই হোক না কেন তা দ্রুত অবহিত করলে সেবা গ্রহীতাদের জন্য সুবিধা হয়। আবেদন জমা দেওয়ার পর কত দিনের মধ্যে সেবাটি পাওয়া যাবে তাও নিশ্চিত হলে সেবা গ্রহীতাদের জন্য সুবিধা হয়। তিনি আরো বলেন, বিষ্ফোরক পরিদপ্তরের নিজস্ব অ্যাপস থাকতে পারে, যাতে প্রত্যেক কোম্পানির আইডি পাসওয়ার্ড থাকবে। এক্ষেত্রে প্রত্যেক কোম্পানি সময় সময়ে আইডিতে প্রবেশ করে তাদের কাজের আপডেট জানতে পারবে।

বিষ্ফোরক পরিদর্শক মনিরা ইয়াসমিন জানান, সদ্য চালুকৃত অনলাইন সেবায় (নবায়ন পদ্ধতি) প্রত্যেক কোম্পানি তাদের আইডিতে প্রবেশ করে কাজের আপডেট জানতে পারছেন। পর্যায়ক্রমে অন্যান্য সেবার ক্ষেত্রেও এই কার্যক্রম গ্রহণ করা হলে মন্ত্রণালয় প্রেরিত বিষ্ফোরক পরিদপ্তরের উত্তম চর্চার তালিকা সম্পর্কে সবাইকে অবহিত করা হয়। প্রেরিত তালিকা অনুযায়ী দাপ্তরিক সেবার মান উন্নয়নে সেবা গ্রহীতাদের মতামত গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। এ উদ্দেশ্যে সেবার মান সম্পর্কে মতামত ফরম/কার্ড গ্রহণ/প্রেরণ শাখায় রাখা হয়েছে যা উপস্থিত অংশীজনদের জানানো হয়।

বিষ্ফোরক পরিদর্শক মনিরা ইয়াসমিন আরো জানান, শুদ্ধাচার ও উত্তম চর্চার ক্ষেত্রে সরকার বিশেষভাবে গুরুত্ব আরোপ করেছেন। সেই লক্ষ্যে বিষ্ফোরক পরিদপ্তরে কর্মকর্তা ও কর্মচারীদের অফিস আদেশে বর্ণিত কার্যবন্টন অনুযায়ী কর্ম সম্পাদন প্রক্রিয়া মনিটরিং করা হয়। এতে অন্যের কাজে অনধিকার চর্চা রোধ করা যায়। অফিসে কর্ম পরিবেশ সকলকে অনুকূলে রাখতে কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে সহযোগিতার মনোভাব বজায় রাখতে জাতীয় শুদ্ধাচার কৌশলের আওতায় সরকারি কর্মচারী আচরণ বিধিমালার ওপর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) সকল ক্ষেত্রে শুদ্ধাচার ও উত্তম চর্চার প্রয়োগ করতে হবে।

(খ) সেবা গ্রহীতাদের সেবা প্রদানের ক্ষেত্রে সর্বোচ্চ সহযোগিতা করতে হবে।

(গ) কর্মপরিকল্পনা অনুযায়ী পরবর্তী ২ (দুই) টি সভা যথাসময়ে আয়োজন করতে হবে।

(ঘ) নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত সেবা প্রদান করতে হবে।

২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



৩১/১২/২০২০

(এইচ.এম. খালিদ ইফতেখার)

প্রধান বিস্ফোরক পরিদর্শক (অ. দা.)

টেলিফোন: ৯৩৪৫২৫৮

ই-মেইল: dhaka@explosives.gov.bd